

আল-ফাজর | Al-Fajr | الْفَجْرُ

আয়াতঃ ৮৯ : ১৬

আরবি মূল আয়াত:

وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ رَبِّي أَهَانَنِ ﴿١٦﴾

অনুবাদসমূহ:

আর যখন তিনি তাকে পরীক্ষা করেন এবং তার উপর তার রিয্ককে সংকুচিত করে দেন, তখন সে বলে, ‘আমার রব আমাকে অপমানিত করেছেন’। — আল-বায়ান

আর যখন তিনি তাকে পরীক্ষা করেন তার রিয্ক সংকুচিত ক’রে, তখন সে বলে, ‘আমার রব আমাকে লাঞ্চিত করেছেন।’ — তাইসিরুল

এবং আবার যখন তাকে পরীক্ষা করেন, অতঃপর তার রিয্ক সংকুচিত করেন, তখন সে বলেঃ আমার রাব্ব আমাকে হীন করেছেন। — মুজিবুর রহমান

But when He tries him and restricts his provision, he says, "My Lord has humiliated me." — Sahih International

১৬. আর যখন তাকে পরীক্ষা করেন তার রিয্ক সংকুচিত করে, তখন সে বলে, আমার রব আমাকে হীন করেছেন।

-

তফসীরে জাকারিয়া

১৬। এবং আবার যখন তাকে পরীক্ষা করেন, তারপর তার রুযী সংকুচিত করেন, তখন সে বলে, ‘আমার প্রতিপালক আমাকে অপমানিত করেছেন।’[1]

[1] অর্থাৎ, যখন আল্লাহ তাকে (রুযী-রোযগারের) সংকীর্ণতায় ফেলে পরীক্ষা করেন, তখন সে তাঁর ব্যাপারে কুধারণা প্রকাশ করে থাকে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6009>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন